

আলোর স্রোতে
পাল তুলেছে
হাজার প্রজাপতি।



An Online News Bulletin for Preservation and Promotion of Bengali Language and Culture. An initiative of the Bengal Association, Delhi

DATE OF PUBLISHING
8th NOVEMBER'2024

# অ্যাসোসিয়েশন সংবাদ-২৮০

নভেম্বর ২০২৪

ASSOCIATION SAMBAD NOVEMBER 2024

Bengal Association, Banga Sanskriti Bhawan,
18-19, Bhai Veer Singh Marg,
Gole Market, New Delhi - 110001 Tel. 23344808
E.mail : bengalassociation1819@gmail.com

www.bengalassociation.com

নভেম্বর - ২০২৪

## সম্পাদকের কলমে

**আপনও হারায়ে উদাসী প্রাণের লহ গো প্রেমাঞ্জলি**
**তোমারে রচিয়া ভরেছি আমার বাউল গানের ঝুলি”**

উৎসবের আঙিনায়, রাজধানী দিল্লির বাতাসে খুশির আবির ছড়িয়ে, নীল গগনের ললাটখানি চন্দনে মাখামাখি হয়ে, মণ্ডপে মণ্ডপে ভক্তিভরে পূজিতা হয়ে, গিরিরাজ কন্যা উমা ফিরে গেছেন কৈলাশে। এত সুখের মাঝেও পারিপার্শ্বিক অবস্থা ছিল কিছুটা উদাসমাখা ও বিষাদময়। প্রথা অনুযায়ী প্রতিবছরের মতো এবারেও আদরের উমা মা'কে কৈলাশ যাত্রার উদ্দেশ্যে বিদায় জানাতে, বিবাহিত মহিলারা, মায়ের চারদিকে প্রদক্ষিণ করে কপালে সিঁদুর ছুঁইয়ে, মিষ্টি মুখ করিয়ে বরণ করেছেন। বিজয়া পর্ব সেরে উঠেই পুনরায় নতুন উদ্যোগে শুরু হয়েছে, যাবতীয় জল্পনা কল্পনা ও অপেক্ষার দিনগোনা। আমাদের সদ্য স্নাত শরীরে, কিছুটা জল যেমন লেপ্টে থাকে, উৎসবের আনন্দ ঠিক তেমনই আমাদের প্রবাসী বাঙালিদের ঘিরে রেখেছিল দীপাবলি এবং ভ্রাতৃত্ব স্নেহের প্রথা উৎসবকে ঘিরে।

দীপাবলি উৎসবকে কেন্দ্র করে, বিভিন্ন রাজ্যে ভিন্ন আঙ্গিকের অনুষ্ঠানের আয়োজন হয়ে থাকে। গুজরাটি হিন্দু বিক্রম সংবত ক্যালেন্ডার অনুসারে গুজরাটি নববর্ষ শুরু হয় কার্তিক মাসের শুক্লপক্ষ প্রতিপদে, দীপাবলি উৎসবের পরের দিন। স্থানীয়দের কাছে যেটা 'বেস্তু ভারাস' নামে সুপরিচিত। সহজভাবে অনেকেই 'পড়োয়া' বা বর্ষ-প্রতিপদও বলে। আমাদের বাঙালিদের নববর্ষে যেমন পুরোনো হিসাবের খাতা বন্ধ করে নতুন খাতা খোলার নিয়ম, গুজরাটেও সেই একই নিয়মে এই শুভকাজটি সম্পন্ন হয় যা ওখানকার সংস্কৃতিতে 'চোপদা' নামে সুপরিচিত। এইসময় প্রত্যেকটি বাড়ির তোরণ অশ্বপল্লব পাতা দিয়ে এবং ঘরগুলো গাঁদা ফুল দিয়ে সাজানো হয়। উৎসবের অঙ্গ হিসাবে প্রত্যেক ঘরে ঘরে তৈরি হয়, মাঠিয়া, গোবা পুরী, মসলা পুরি, সুভারী পুরী, মাকাই চেভড়ো, পাপড় পাউয়া, মিঠা ঘুগরা, চক্রী ইত্যাদি নানা ঐতিহ্যবাহী লোভনীয় খাবার।





কয়েক বছর আগে দীপাবলি উৎসবের সময় আমাদের প্রতিবেশী রাষ্ট্র নেপাল ভ্রমণে গিয়ে, নেপালীদের ঐতিহ্যবাহী 'তিহার উৎসব' কাছ থেকে দেখার সুযোগ হয়েছিল। পাঁচদিন ধরে চলা এই 'তিহার উৎসব' হলো নেপালের আধ্যাত্মিক এবং সাংস্কৃতিক একটি উৎসব। এই উৎসবটি নেপালি জনগণের হৃদয়ে একটি বিশেষ স্থান ধারণ করে, কারণ তারা এই উৎসবটিকে পৌরাণিক কাহিনীর প্রতি সম্মান জানিয়ে, প্রায় সমস্ত অবলা প্রাণীদের স্নান করিয়ে, তাদের গলায় মালা পরিয়ে, আনুষ্ঠানিক টিকা দিয়ে আশীর্বাদ করে আদর যত্নে ওদের খাদ্য পরিবেশন করে। এই উৎসবটি আমি অবশ্য সিকিমে গিয়েও ভারতীয় নেপালীদের মধ্যে উদযাপন করতে দেখেছি। সত্যিই ভাবলে গর্ব হয়, আমাদের বৈচিত্রময় দেশে, এমন হয়তো আরও কত বিচিত্র লোককাহিনী ছড়িয়ে আছে, যা আমাদের অনেকেরই অজানা। অনুভূতির শাশ্বত মরুদ্যানে, এইসব কাহিনীই হয়তো আমাদের প্রাণশক্তি, চালিকা শক্তি।

# বেঙ্গল অ্যাসোসিয়েশনের নিজস্ব সংবাদ

গত ২৬শে অক্টোবর, ২০২৪ শনিবার, সন্ধ্যা ৬টায়, মুক্তধারা অডিটোরিয়ামে দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশনের বিজয়া সম্মিলনী অনুষ্ঠানে সঙ্গীত পরিবেশন করেন, রাজধানী দিল্লির দুই সুপরিচিত সঙ্গীত শিল্পী শ্রাবণী ও প্রবাল গোস্বামী। রাজধানী শহরের বিভিন্ন প্রান্ত থেকে, সাংস্কৃতিকমনস্ক ব্যক্তিদের আনন্দঘন উপস্থিতিতে, প্রেক্ষাগৃহ হয়ে উঠেছিল প্রাণবন্ত। উক্তদিনে নৃত্য পরিবেশনায় অংশ নেন দিল্লির নক্ষত্র ডান্স একাডেমীর কর্ণধার এবং নৃত্যশিল্পী মানসী দত্ত'র পরিচালনায় ওনার সুযোগ্য নৃত্যশিল্পীবৃন্দ। আমাদের প্রথা অনুযায়ী, উপস্থিত দর্শক শ্রোতাবৃন্দকে সামান্য মিষ্টিমুখ করিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়।

আগামী ১৫-১৬ই নভেম্বর, দিল্লির বেঙ্গল অ্যাসেসিয়েশনের একক উদ্যোগে, রাজধানী দিল্লির মান্ডি হাউস সংলগ্ন কোপার্নিকাস মার্গে অবস্থিত রবীন্দ্র ভবনের মেঘদূত অ্যাম্ফিথিয়েটারে বসতে চলেছে, বিশ্ব সঙ্গীতের দুর্দান্ত এক কনসার্ট (ওয়ার্ল্ড মিউজিক কনসার্ট)। আমরা আশাবাদী, আমাদের এই আন্তরিক আয়োজনে, দেশ-বিদেশের বিভিন্ন সঙ্গীত ও সংস্কৃতির সহাবস্থান ঘটিয়ে, এর সমৃদ্ধ ইতিহাস একে অপরের সংস্পর্শে এসে, জীবনধারার একটি জানালা খুলে বহু সংস্কৃতিবাদ অর্থাৎ সাংস্কৃতিক বৈচিত্র্য গড়ে তুলতে সক্ষম হবে। আমাদের এই নিরলস প্রচেষ্টা শুধুমাত্র নুতন প্রজন্মকে একটা সুখকর বার্তা দেওয়ার লক্ষ্যেই। তাই সকল সঙ্গীতপ্রেমী ব্যক্তির কাছে আন্তরিক আবেদন জানিয়ে বলি, আপনাদের আনন্দঘন অংশগ্রহণ, সহযোগিতা ও ভালোবাসা ছাড়া কিন্তু আমাদের এই বিশেষ আয়োজন সম্পূর্ণ বৃথা।

দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশনের একক উদ্যোগে, আগামী ৭ই এবং ৮ই ডিসেম্বর বঙ্গ সংস্কৃতি ভবন পরিসরে, দিল্লি এবং সন্নিহিত অঞ্চলের অসংখ্য খাদ্যপ্রেমী বাঙালির রসনা তৃপ্ত করতে আয়োজন করা হবে দুইদিন ব্যাপী বাঙালি স্ট্রিট ফুড ফেস্টিভ্যাল। বিস্তারিত জানতে উৎসাহীরা চোখ রাখুন আমাদের ফেসবুক পেজে।


LET US ALL
LIGHT UP A SMILE
THIS DIWALI
BENGAL ASSOCIATION
NEW DELHI
ankur
PLEASE SCAN HERE
TO DONATE
Paytm
Accepted Here
A GENEROUS STEP TOWARDS
THE GROWTH OF EDUCATION,
PLEASE JOIN HANDS WITH US AND DONATE FOR 'ANKUR'
OUR PRIMARY SCHOOLAT MADANPUR KHADAR FOR
THE UNDERPRIVILEGED. OUR SUPPORT TODAY,
CAN GIVE THEM WINGS TO REACH THE SKY TOMMORROW !

রাজধানী দিল্লি শহরের প্রতিটি সংস্কৃতি প্রেমী মানুষদের জন্য, আবারও একটি সুখবর নিয়ে এলাম। আগামী ১৩-১৫ ডিসেম্বর, দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশনের বিশেষ উদ্যোগে "Beyond Bounds" শীর্ষক আন্তর্জাতিক শর্ট ফিল্ম ফেস্টিভ্যালের দ্বিতীয় মরশুমের আয়োজন করা হবে। তিন দিনের এই উৎসবে, বিভিন্ন আঙ্গিকের শর্ট ফিল্ম নিয়ে যাঁরা চিন্তা ভাবনা করেন, তাঁদের শৈল্পিক প্রতিভা অন্বেষণে এবং সমাজের প্রতিবিম্ব হিসাবে তাঁদের কাজকে উৎসাহ দান করতেই আমাদের এই বিশেষ উদ্যোগ। বিস্তারিত তথ্য কয়েকদিনের মধ্যেই জানানো হবে। উৎসাহী ব্যক্তিগণ আমাদের ওয়েবসাইট এবং ফেসবুক পেজে চোখ রাখুন।

দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশনের একক উদ্যোগে, বঙ্গসংস্কৃতি ভবন পরিসরে, রাজধানী প্রবাসী বাঙালির জীবনে, লোকসংস্কৃতিকে বাঁচিয়ে রাখতে, আমরা দুইদিন ব্যাপী একটি লোকসংস্কৃতি উৎসব আয়োজন করার পরিকল্পনা নিয়েছি। উৎসাহী দর্শক শ্রোতাবৃন্দ, বিস্তারিত তথ্য জানতে চোখ রাখতে পারেন, আমাদের ওয়েবসাইট এবং ফেসবুক পেজে।

কয়েকদশক ধরে বহির্বঙ্গে, বর্তমান প্রজন্মের কাছে, মাতৃভাষার প্রতি আবেগ-ভালবাসা গড়ে তুলে বাংলা বইপড়া এবং কেনার অভ্যাসকে উজ্জীবিত রেখে, আমরা আজও সুনামের সাথে "বহির্বঙ্গের বৃহত্তম বইমেলা" আয়োজকের মর্য্যাদা ধরে রাখতে সচেষ্ট হয়েছি। আপনাদের অবগতির জন্য জানাই, দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশনের একক উদ্যোগে, এবারও বঙ্গসংস্কৃতি ভবন পরিসরে, আগামী ২০-২৩শে মার্চ, ২০২৫ চারদিন ব্যাপী দ্বাবিংশতিতম দিল্লি বইমেলা এবং সাহিত্য উৎসব অনুষ্ঠিত হতে চলেছে। কলকাতা থেকে আগত বিভিন্ন প্রকাশক সংস্থার বইয়ের সম্ভার যেমন থাকছে, ঠিক তেমনই গণ্যমান্য সাহিত্যিকগণের উজ্জ্বল উপস্থিতি ও সাহিত্য সম্পর্কিত নানা মনোজ্ঞ অনুষ্ঠানের পরিকল্পনা নেওয়া হয়েছে। এছাড়াও প্রত্যেক সন্ধ্যায়, জনপ্রিয় শিল্পীদের নিয়ে সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করা হবে। বাঙালির রসনা তৃপ্তির জন্য থাকছে, লোভনীয় সুস্বাদু নানাবিধ খাবারের স্টল এবং বাঙালির ঐতিহ্যবাহী শাড়ীর বিকিকিনি। উৎসাহী বইপ্রেমীগণ বিস্তারিত তথ্য জানতে চোখ রাখতে পারেন, আমাদের ওয়েবসাইট এবং ফেসবুক পেজে।


OUR GREEN WARRIORS
Aaheli Mukherjee
Adrija Banerjee
Anandamoyee Lahiri
Aritra Adhikary
Ayansh Khatri
Ihaan Das
Green Warrior
THE VOICE OF OUR GREEN GENERATION


OUR GREEN WARRIORS
Sarabya Banerjee
Satakshi Chowdhury
Sharanya Das
Supriyo Deb
Shreyan Ganguli
Vanshika Khatri
Green Warrior
THE VOICE OF OUR GREEN GENERATION



OUR GREEN WARRIORS
Avipsha
Anuska Satpathi
Saatvik Saha
Ishaan Adhikari
Green Warrior
THE VOICE OF OUR GREEN GENERATION

# আনন্দ সংবাদ

রাজধানী দিল্লির জনপ্রিয় কবি মনীষা কর বাগচী, ওনার সাহিত্য সেবায় এবং সৃষ্টিকর্মে, বঙ্গ-বহির্বঙ্গে বিভিন্ন পত্র পত্রিকায় স্বরচিত লেখা প্রকাশের মাধ্যমে জনপ্রিয়তা কুড়িয়েছেন। সম্প্রতি উনি ওনার এই অবদানের স্বীকৃতি স্বরূপ, পশ্চিমবঙ্গের চাতক ফাউন্ডেশনের দশম বর্ষপূর্তি উপলক্ষ্যে, এইবছর চাতক পুরস্কার এবং অনন্য নারী সম্মাননা পুরস্কারে মনোনীত হয়েছেন। দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে, ওনাকে আন্তরিক অভিনন্দন এবং শুভেচ্ছা জানাই।

রাজধানী দিল্লির জনপ্রিয় নাট্য সংস্থা, ড্রামা সোসাইটি আকৃতির প্রযোজনায় শীর্ষেন্দু মুখোপাধ্যায়ের গল্প থেকে অনুপ্রাণিত "রুবরু" নামক হিন্দি নাটকটির চিত্রনাট্যকার এবং নির্দেশক হলেন সৌভিক সেনগুপ্ত। গত ২৭শে অক্টোবর, এই নাট্য গোষ্ঠী রাজধানী দিল্লির গণ্ডি পেরিয়ে, রাজস্থানের জয়পুরের প্রাচীন সংস্থা ললিতকলা সঙ্গমের বিশেষ আমন্ত্রণে সাড়া দিয়ে ১৯৬৪ সালে তৈরী হওয়া রবীন্দ্র মঞ্চে, নাটকটির সফল মঞ্চায়নের সুযোগ পেলেন। প্রসঙ্গত উল্লেখ্য, এই হিন্দি নাটকটি গত বছর দিল্লিতেও মঞ্চস্থ হয়ে নাট্যপ্রেমীদের মন ছুঁতে সক্ষম হয়েছে।






beyondbounds
THE SECOND INTERNATIONAL DOCUMENTARY & SHORT FILM FESTIVAL 2024
ORGANISED BY BENGAL ASSOCIATION NEW DELHI
13,14 & 15 DECEMBER 2024
MUKTADHARA AUDITORIUM
BANGA SANSKRITI BHAVAN
18-19 BHAI VEER SINGH MARG
GOLE MARKET
NEW DELHI 110001
ফুটপাথে যা ফুঁ-দিয়ে খা
BENGALI STREET FOOD FESTIVAL
7th & 8th DECEMBER 2024
BANGA SANSKRITI BHAVAN
18-19 BHAI VEER SINGH MARG
GOLE MARKET
NEW DELHI 110001

# বিশেষ সংবাদ

গত ২৯শে সেপ্টেম্বর ২০২৪, রবিবার, দিল্লি চিত্তরঞ্জন কালীবাড়ির লাইব্রেরী হলে কলমের সাত রঙ পত্রিকাটির উৎসব সংখ্যার মোড়ক উন্মোচন অনুষ্ঠান হয়েছে। এই শুভ কাজটি সম্পন্ন করেন কালীবাড়ির সেক্রেটারি রাজীব নাগ এবং সাংস্কৃতিক বিভাগের প্রধান অনিতা হালদার। এনাদের সাথে ছিলেন রাজধানী দিল্লির দুই বিশিষ্ট সাহিত্যিক তথা পত্রিকার সম্পাদক কালীপদ চক্রবর্তী এবং সহসম্পাদক অরূপ বন্দ্যোপাধ্যায়।

এনসিই বেঙ্গল এবং যাদবপুর বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র সমিতি অর্থাৎ Alumni Association of NCE Bengal and Jadavpur University হলো ভারতের কোনো বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়োজিত প্রথম অ্যাসোসিয়েশন। এই প্রাক্তন ছাত্র সমিতির দিল্লি শাখা (Delhi Chapter) ১৯৫৬ সালে গঠিত হয়। এই মুহূর্তে সক্রিয় সদস্য সংখ্যা প্রায় ৭০০ জনেরও বেশি যাঁরা প্রত্যেকেই দিল্লি এবং পার্শ্ববর্তী অঞ্চলে বসবাস করছেন। সদস্যদের মধ্যে সমন্বয় সাধনের মাধ্যমে জাতীয় সংহতি, ভ্রাতৃত্ব, বন্ধুত্ব এবং সাংস্কৃতিক ঐতিহ্য প্রচার ও বজায় রাখার পাশাপাশি সারাবছর ধরে বিভিন্ন কার্যক্রমে এবং সমাজসেবামূলক কাজে লিপ্ত থাকেন এই অ্যাসোসিয়েশন।

আগামী ১০ই নভেম্বর সন্ধ্যায়, দিল্লি শাখা সমিতির “বিজয়া সম্মিলনী” উপলক্ষ্যে, চিত্তরঞ্জন পার্কে অবস্থিত চিত্তরঞ্জন ভবনে একটি সাংস্কৃতিক অনুষ্ঠান এবং গালা ডিনারের আয়োজন করতে চলেছেন, এই অ্যালামনাই অ্যাসোসিয়েশন। উক্ত অনুষ্ঠানে সম্মানীয় অতিথি হিসেবে আমন্ত্রিত হয়ে উপস্থিত থাকবেন, দক্ষিণ দিল্লি কালীবাড়ির সাধারণ সম্পাদক সুব্রত দাশ, বেঙ্গল অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক প্রদীপ গাঙ্গুলী এবং মিডিয়া ব্যক্তিত্ব ও শিল্প সমালোচক রাজা চট্টোপাধ্যায়। সমগ্র অনুষ্ঠানটি আয়োজন ও পরিচালনায় আছেন, অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি ঋত্বিক সেনগুপ্ত, সাধারণ সম্পাদক সৌমিত্র ভট্টাচার্য্য, সহ সম্পাদক শ্রাবণী বিশ্বাস এবং সমস্ত এক্সিকিউটিভ কমিটির সদস্যরা।


BENGAL ASSOCIATION
বেঙ্গল অ্যাসোসিয়েশন
NEW DELHI
দ্বাবিংশতিতম
দিল্লি
বইমেলা
এবং
সাহিত্য উৎসব
বঙ্গ সংস্কৃতি উৎসব
2024-2025
banga sanskriti utsav
2024-2025
22nd
DILLI
BOIMELA
& LITERATURE FESTIVAL
20th -23rd MARCH 2025
(A PART OF 21st BANGA SANSKRITI SAMMELAN)

# রাজধানী এবং সন্নিহিত অঞ্চলের সাংস্কৃতিক সংবাদ

গত ১৩ই অক্টোবর বিজয়া সম্মিলনী উপলক্ষে, ইন্ডিয়ান ইন্টারন্যাশনাল সেন্টারের সিডি দেশমুখ অডিটোরিয়ামে, রাজধানী দিল্লির লে রিদমে ফোরাম ফর কালচার অ্যান্ড এডুকেশন অ্যাসোসিয়েশন এবং হাজারীবাগের প্রভাস কল্যাণী প্রীতি ট্রাস্টের যৌথ উদ্যোগে, একটি মনোজ্ঞ সঙ্গীত সন্ধ্যার আয়োজন করা হয়েছিল। সঙ্গীত পরিবেশনে উপস্থিত ছিলেন কলকাতার প্রখ্যাত সংগীতশিল্পী লোপামুদ্রা মিত্র।

গত ২০ই অক্টোবর, মুক্তধারা প্রেক্ষাগৃহে শ্রী শমিত দাশের একক পরিকল্পনায় এবং উদ্যোগে, দেশ জুড়ে নারী-নির্যাতনের প্রতিবাদে, নারীর অধিকার ও নারীর সম্মানের পক্ষে, "যেন ভুলে না যাই" শীর্ষক একটি ভিন্নধর্মী সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করা হয়েছিল। নারীর অধিকারের ব্যাপারে মানুষকে সচেতন করাই ছিলো এই অনুষ্ঠানের একমাত্র উদ্দেশ্য। সেদিনের অনুষ্ঠানের রাজধানী দিল্লি সহ কলকাতা এবং মুম্বাই থেকে আগত স্বনামধন্য শিল্পীবৃন্দ সঙ্গীত পরিবেশনে অংশ নিয়েছিলেন।

গত ২৭শে অক্টোবর, ইমপ্রেসারিও ইন্ডিয়ার উদ্যোগে, লোধি রোড সংলগ্ন ইন্ডিয়া ইন্টারন্যাশানাল সেন্টারের মাল্টিপারপাস অডিটোরিয়ামে, বার্ষিক বিজয়া সম্মিলনী অনুষ্ঠান সম্পন্ন হয়েছে। বাউল ও লোকসঙ্গীত শিল্পী শ্রী কৃষ্ণদাস বৈরাগ্য এবং বোলপুর, শান্তিনিকেতনের পাঁচজন অত্যন্ত প্রতিভাবান এবং উদ্যমী দল, সুরেলা কণ্ঠে প্রেমের গান, আত্মার আকাঙ্ক্ষা, মানবতা এবং নৈতিক মূল্যবোধের গানগুলিকে তাঁদের চমৎকার পরিবেশনে, উপস্থিত দর্শক শ্রোতাদের মধ্যে বসে থাকা প্রতিটি ব্যক্তিকে গভীরভাবে সংযুক্ত করতে সক্ষম হয়েছেন।


BENGAL ASSOCIATION
NEW DELHI
আপনি কি বেঙ্গল অ্যাসোসিয়েশনের
সদস্য হতে চান?
অথবা সদস্যতা নেবার পর
ঠিকানা বা ফোন নং পরিবর্তিত হয়েছে?
যোগাযোগ করুন
বেঙ্গল অ্যাসোসিয়েশনের অফিসে
ফোন নংঃ
+91 7303400554
ইমেলঃ
bengalassociation1819@gmail.com
www.bengalassociation.com

# রাজধানী দিল্লির আগামী সাংস্কৃতিক সংবাদ

আগামী ৯ই নভেম্বর সন্ধ্যায়, বিপিনচন্দ্র পাল অডিটোরিয়ামে, বিখ্যাত ভারতীয় জাতীয়তাবাদী, লেখক, বক্তা, সমাজ সংস্কারক এবং স্বাধীনতী সংগ্রামী বিপিনচন্দ্র পালের ১৬৬তম জন্মবার্ষিকী এবং বিজয়া সম্মিলনী উপলক্ষ্যে, বিপিনচন্দ্র পাল ট্রাস্ট একটি সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করবে। উক্ত অনুষ্ঠানে, মহুয়া রায় কর্তৃক শ্রদ্ধেয় বিপিনচন্দ্র পালের সম্পর্কে সংক্ষিপ্ত ভূমিকার পর দেশাত্মবোধক বাংলা এবং হিন্দি গান পরিবেশন করবেন রজত চক্রবর্তী এবং ইন্দ্রানী দাস।

আগামী ১৭ই নভেম্বর সন্ধ্যা সাড়ে ছ'টায়, ইমপ্রেসারিও ইন্ডিয়ার উদ্যোগে, লোধি রোড সংলগ্ন ইন্ডিয়া ইন্টারন্যাশানাল সেন্টারের সিডি দেশমুখ অডিটোরিয়ামে, রবিঠাকুরের লেখনীর উপর ভিত্তি করে নারীত্ব উদ্‌যাপন করতে "আভরণ" শীর্ষক একটি অসামান্য নৃত্যানুষ্ঠানের আয়োজন করতে চলেছে। এই চমৎকার আখ্যানটি উপস্থাপন করবেন, নৃত্যগুরু ডঃ সরোজ বৈদ্যনাথন এবং নৃত্যগুরু রাম বৈদ্যনাথন এর সুযোগ্য শিষ্যা এবং দিল্লির বিশিষ্ট নৃত্যশিল্পী দেবস্মিতা ঠাকুর। সম্পূর্ণ আখ্যানটি বর্ণনে অংশ নেবেন দিল্লির বিশিষ্ট বাচিক শিল্পী এবং নাট্যকর্মী সর্বা ভট্টাচার্য।

আগামী ১৭ই নভেম্বর সন্ধ্যায়, চিত্তরঞ্জন পার্ক সংলগ্ন বিপিনচন্দ্র পাল প্রেক্ষাগৃহে, প্রখ্যাত লেখিকা তসলিমা নাসরিনের বিশ্ববন্দিত, বহু চর্চিত উপন্যাসের প্রথম সফল নাট্য-রূপান্তর, "লজ্জা" নাটকের তৃতীয় মঞ্চায়ন করতে চলেছে নবপল্লী নাট্য সংস্থা। রাজধানী দিল্লির বিশিষ্ট নাট্যকার এবং মঞ্চাভিনেতা, বিশ্বজিৎ সিংহ অসাধারণ দক্ষতা এবং দুঃসাহস দেখিয়ে এই উপন্যাসের প্রথম নাট্য-রূপান্তর ঘটিয়েছেন যা রাজধানীর প্রেক্ষাগৃহে, দু'বারই দর্শক পরিপূর্ণ ছিলো। প্রসঙ্গত উল্লেখ্য, যে উপন্যাস একদা দুই বাংলা তথা সমগ্র পৃথিবীতে আলোড়ন সৃষ্টি করেছিলো, সেই উপন্যাসের উপর নির্ভর করে এই "লজ্জা" নাটকটি, আগামী ডিসেম্বর মাসে, পশ্চিমবঙ্গের একটি জনপ্রিয় নাট্য উৎসবে, মঞ্চস্থ করার আমন্ত্রণ পেয়েছেন।

আগামী ২৩শে নভেম্বর সন্ধ্যায়, চিত্তরঞ্জন পার্ক সংলগ্ন বিপিনচন্দ্র পাল অডিটোরিয়ামে, আনন্দধারা গুরুগ্রামের সঙ্গীতশিল্পীরা রবীন্দ্রনাথের নাটকের

তালিকা (রক্তকরবী, তাসের দেশ, ফাল্গুনী, অচলায়তন, অরূপরতন, চিরকুমার সভা) থেকে ছয়টি ভিন্ন ভাবনার নাটকের গান নিয়ে "রবি ঠাকুরের নাটকের গান" শীর্ষক একটি মনোজ্ঞ অনুষ্ঠানের আয়োজন করতে চলেছেন।

আগামী ২৪শে নভেম্বর সন্ধ্যায়, বঙ্গ সংস্কৃতি ভবনের মুক্তধারা প্রেক্ষাগৃহে, যাপনচিত্র নাট্যগোষ্ঠী তাদের প্রযোজিত নতুন নাটক "আনতারা" পুনঃ মঞ্চস্থ করতে চলেছে। নাটকটি প্রাপ্তমনষ্কদের জন্য এটি প্রবেশ পত্রে উল্লেখ করেই চিত্রনাট্যকার এবং নির্দেশক সুহান বসু জানিয়েছেন, একগুচ্ছ প্রভাবশালী ব্যক্তি, অনিয়ন্ত্রিত নগরায়নের লক্ষ্যে, আমাদের দেশের বিভিন্ন গ্রামের সহজ সরল মানুষের জীবনধারাকে বদলে দেওয়ার মিথ্যা আশ্বাস ও প্রলোভন দেখিয়ে, তাদের সামাজিক মূল্যবোধকে বিনষ্ট করে যেভাবে পরিবেশগত অবক্ষয় ঘটিয়ে চলেছেন, সেটাই এই নাটকের উপজীব্য বিষয় হিসাবে তিনি তুলে ধরার চেষ্টা করেছেন।

আগামী ২৯শে নভেম্বর শুক্রবার, দক্ষিণ দিল্লী কালীবাড়ির একক উদ্যোগে, কালীবাড়ি প্রাঙ্গণে তিনদিন ব্যাপী এবারের "তৃতীয় দক্ষিণ দিল্লি বইমেলা" অনুষ্ঠিত হতে চলেছে। প্রতিদিন সকাল ১১টা থেকে শুরু হয়ে রাত্রি ১০টা পর্যন্ত বইয়ের বিকিকিনি চলবে। রাজধানী দিল্লি এবং সন্নিহিত অঞ্চলের উৎসাহীদের এই উৎসবে সামিল হতে এবং বিস্তারিত বিবরণের জন্য ওনাদের ফেসবুক পেজে নজর রাখতে অনুরোধ জানিয়েছেন বইমেলা উদ্যোক্তা কমিটি।

আগামী ৮ই ডিসেম্বর (রবিবার), বঙ্গ সংস্কৃতি ভবনের মুক্তধারা মঞ্চে, রাজধানী দিল্লির জনপ্রিয় "প্রারম্ভ" নাট্যগোষ্ঠী মঞ্চস্থ করতে চলেছে দুটি একাঙ্ক নাটক। মহাভারতের প্রেক্ষাপটে তৈরী "উত্তরা" নাটকটির চিত্রনাট্য লিখেছেন ডঃ শিশির কুমার দাস এবং অন্য একটি প্রতীকী নাটক "রেস্তোরাঁ"র চিত্রনাট্যকার হলেন জুলফিকার জিন্না। দুটি নাটকেরই নির্দেশনা করেছেন বিশিষ্ট অভিনেতা এবং নির্দেশক রবিশঙ্কর কর।

আগামী ১৫ই ডিসেম্বর, চিত্তরঞ্জন পার্ক বিপিনচন্দ্র পাল প্রেক্ষাগৃহে, রাজধানী দিল্লির যাপনচিত্র নাট্যগোষ্ঠীর বহু চর্চিত এবং বহু পুরস্কারে ভূষিত "মহামায়া" নাটকটির শেষ মঞ্চায়ন হতে চলেছে। প্রসঙ্গত উল্লেখ্য, এই বাংলা নাটকটি দিল্লি, পুণে, কানপুর এবং পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলার প্রেক্ষাগৃহ মিলিয়ে

সর্বমোট চৌদ্দটি সফল মঞ্চায়ন করেছে। রাজধানী শহরে সফল নাট্যচর্চার ক্ষেত্রে এটা একটি উল্লেখযোগ্য নিদর্শন।

## একটি বিশেষ আবেদন

বেঙ্গল অ্যাসোসিয়েশন, দিল্লি এবং সংলগ্ন বাঙালিদের কাছে বিভিন্ন অনুষ্ঠানের খবরাখবর “অ্যাসোসিয়েশন সংবাদ” নামক একটা মাসিক ক্ষুদ্র পত্রিকার মাধ্যমে আপনাদের কাছে তুলে ধরার চেষ্টা করে। যদি আপনারা নিজ এলাকার সাংস্কৃতিক সংবাদ, প্রত্যেক মাসের ২৫ তারিখের মধ্যে আমাদের কাছে সযত্নে পাঠিয়ে সহযোগিতার হাত বাড়িয়ে দেন, তাহলে আমরা যথাসম্ভব সেগুলো প্রকাশ করবে সবার কাছে পৌঁছে দিতে সচেষ্ট হবো। আপনারা এই সমস্ত সংবাদ, বাংলা, হিন্দি এবং ইংরাজি এই তিনটির যেকোনো ভাষায় আমাদের কাছে ই-মেল করে (associationsangbad@gmail.com) অথবা আমাকে ব্যক্তিগত হোয়াটস্যাপ (রাজা চট্টোপাধ্যায় 9810484734) মাধ্যমেও পাঠাতে পারেন।








**Editor and Publisher Shri Prodip Ganguly**
**Published on behalf of Bengal Association, New Delhi.**
**Designed & Composed by Roma Chakraborty, C.R. Park, 9213134487**